দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 1 1999 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ...

23

## শিক্ষামন্ত্রী সমীপে

আমার মেয়ে যশোর বোর্ডের অধীনে দুই বৎসর এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করিয়াছে। কিন্তু রহস্যজনক কারণে তাহার ফলাফল দুই বৎসরই অপ্রকাশিত রহিয়াছে। আমি এ ব্যাপারে যশোর বোর্ডে যথাযথ কর্তৃপক্ষের নিকট আমার মেয়েসহ ব্যক্তিগতভাবে যোগাযোগ করিয়াছি। কিন্তু তাহারা এই ব্যাপারে কোন সদুত্তর দিতে পারেন নাই। এদিকে আমি জানিতে পারিয়াছি যে, উভয় বৎসরই আমার মেয়ে উত্তীর্ণ হইয়াছে। বোর্ডের মাননীয় চেয়ারম্যান মহোদয়কে এই ব্যাপারে সহযোগিতার আবেদন জানাইলে তিনি ব্যাপারটি আশু নিষ্পত্তির জন্য নির্দেশ দেন। কিন্তু অদ্যাবধি তাহা নিষ্পত্তি হয় নাই। আমার মেয়ের প্রথমবার অর্থাৎ ১৯৯৫ সনের রোল নম্বর ম-৫০৬৩১৩। ৯৮ সালের রোল নম্বর ম-৭০৯৯৪৯; রেজিষ্ট্রেশন নম্বর ৬০৩২৫, বিভাগ-বাণিজ্য, কেন্দ্রের কোড ও নাম খুলনা এইচ (২২৫)। দুই বৎসরের ফলাফল অপ্রকাশিত থাকায় একদিকে সে কোথাও ভর্তি হইতে পারিতেছে না, অপরপক্ষে সামাজিকভাবেও নিগৃহীত হইতেছে। এই বিব্রতকর পরিস্থিতি হইতে আমার মেয়ে যাহাতে মুক্তি পাইতে পারে, সে জন্য অনতিবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে মাননীয় শিক্ষামন্ত্রী সমীপে বিনীত আবেদন জানাইতেছি।

পরীক্ষার্থিনীর অভিভাবক

॥ ২ ॥

১৯৮৮ সালে বরিশাল জেলার বাবুগঞ্জ থানাধীন প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ সংক্রান্ত মামলার কারণে আজ ১১ বৎসর যাবৎ নিয়োগ বন্ধ রহিয়াছে। ইহার ফলে অনেক প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম ব্যাহত হইতেছে। অপরদিকে শিক্ষকতা পেশা গ্রহণে আগ্রহী অত্র থানার শিক্ষিত বেকারগণ চাকুরী লাভে বঞ্চিত। উল্লেখ্য, ইতিমধ্যে দায়েরকৃত মামলাটি প্রত্যাহার করা হইয়াছে। অথচ প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকা নিয়োগের জন্য প্রকাশিত বিজ্ঞপ্তিতে 'বাবুগঞ্জ বাদ' কথাটি লেখা থাকায় আমরা আবেদন করার সুযোগ পাইতেছি না।

এমতাবস্থায়, শিক্ষামন্ত্রী মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, অত্র থানার প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ সংক্রান্ত জটিলতা দূর করিয়া পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা নেওয়া হউক।

নাসিমা আক্তার,
গ্রাম ঃ দক্ষিণ ভূতেরদিয়া,
থানা ঃ বাবুগঞ্জ, জেলা ঃ বরিশাল।